[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

স্ত্রীর দায়ের করা মামলায় স্বামী গ্রেফতার

মালায়েশিয়া থেকে বাড়ি এসেই প্রথম স্ত্রীর দায়ের করা মামলার ৩মাসের সাজাপ্রাপ্ত আসামী মধুপুর গ্রামের জাহিদুল ইসলামকে গ্রেফতার করেছে।

৮ ডিসেম্বর সন্ধ্যায় আলমডাঙ্গা থানা পুলিশ তাকে গ্রেফতার করে নিয়ে আসে।

জানাগেছে, উপজেলার জামজামি ইউনিয়নের মধুপুর গ্রামের জনাব আলীর ছেলে জাহিদুল ইসলাম(২৫) কয়েক বছর আগে চুয়াডাঙ্গা হাজরাহাটি বিয়ে করে।

বিয়ে বছর খানেক পর জাহিদুলের স্ত্রী নুরজাহান আদালতে মামলা দায়ের করে। ওই মামলায় জাহিদুল আদালত থেকে জামিন লাভ করে মালাশিয়া চলে যায়। আদালতে হাজিরা না দেওয়ার কারণে আদালত জাহিদুলের নামে ৩ মাসের সাজা প্রদান করে। ৭ জানুয়ারী জাহিদুল মালায়েশিয়া থেকে বাড়ি আসে। গতকাল ৮ জানুয়ারী বিকালে আলমডাঙ্গা থানা পুলিশের এসআই আব্দুর অভিযান চালিয়ে জাহিদুলকে গ্রেফতার করে নিয়ে আসে।

মেপ্র/ আরপি

গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির বিরুদ্ধে মশাল মিছিল

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির বিরুদ্ধে মশাল মিছিল করেছে ছাত্রলীগের পদবঞ্চিত নেতাকর্মীরা।

বুধবার সন্ধ্যায় পৌর ছাত্রলীগ সাভাপতি ইমরান হাবীব ও কলেজ ছাত্রলীগ সভাপতি হাসিব মাহমুদের নেতৃত্বে গাংনী শহরে প্রতিবাদী মশাল মিছিল করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগ সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে মেয়াদোত্তীর্ণ গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়।

কলেজ ছাত্রলীগ সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম সেন্টুকে সভাপতি ও ছাত্রলীগ নেতা ফয়সাল জাহান শিশিরকে সাধারণ সম্পাদক মনোনীত করে কমিটি ঘোষণা করেন তারা।

কমিটি বিলুপ্ত ও নতুন কমিটির বিরুদ্ধে মশাল মিছিল গাংনী হাসপাতাল বাজার থেকে মিছিল শুরু করে ছাত্রলীগের নেতাকর্মীরা। মশাল মিছিল বাস স্ট্যান্ড রেজাউল চত্ত্বর ঘুরে গিয়ে সরকারী কলেজ গেটে শেষ হয়।

মেপ্র/এমইএম

গাংনীতে উপকৃত হবে কৃষক সহ লাখো মানুষ

ইজিপিপি প্রকল্পের আওতায় কাজ করছে ১৭০৬ জন অতি-দরিদ্র শ্রমিক। কাজের মান যাচাইয়ে খুশি স্থানীয়রা। উপকৃত হবে উপজেলার কৃষকসহ লাখো মানুষ।

মেহেরপুরের গাংনী উপজেলায় ২০১৯-২০২০ অর্থ বছরে চলমান “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি” (ইজিপিপি) প্রকল্পের আওতায় কর্মসংস্থান পেয়েছে ৩৫০৭ জন অতিদরিদ্র দিনমজুর।

তাদের কজে সাফল্যের মুখ দেখেছে এ কর্মসুচী। এ রকমসুচীর কারনে জেলার উন্নয়নে যোগ হয়েছে নতুন একটি মাত্রা।

মেহেরপুর জেলা কৃষি নির্ভরশীল জেলা। এ জেলায় নেই তেমন কোনো কলকারখানা বা শিল্প প্রতিষ্ঠান। কৃষি কাজই জেলার মানুষের এক মাত্র কর্ম সংস্থানের মাধ্যম। জেলার অধিকাংশ কৃষকই দারীদ্র সীমার মধ্যে দিনযাপন করেন।

এ কর্মসুচীর কারনে কোনরকম জীবন ধারন করছেন তেরাইল গ্রামের বাছিরন নেছা কর্মস্থলে এ প্রতিবেদককে জানান, তাদের প্রতিদিনের মজুরি নিজ নামে একাউন্টে জমা হয়। তারা নিজেরাই তাদের ব্যাংক একাউন্ট থেকে টাকা উত্তোলন করেন।

শ্রমিক রফিকুল ইসলাম বলেন, আমাদের এ প্রকল্পের আওতায় অনেক বয়ষ্ক মানুষ কাজ করে। যারা কাজ করে তারা আন›দের সাথেই কাজ করে। যার ফলে কাজের গুনগত মান শতভাগ নিশ্চিত করার চেষ্টা করছি।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী জানান, চলতি অর্থ বছরে চলমান কাজে স্বচ্ছতা আনার জন্য তাঁরা কঠোর অবস্থান গ্রহণ করেছেন।
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসার, বিভিন্ন দপ্তরের ট্যাগ অফিসার ও জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ কাজে নজরদারি করছেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের উপ-সহকারি প্রকৌশলী জাকির হোসেন জানান, গত ১৬-১৭ অর্থ বছরে বিভিন্ন প্রকল্পে অনিয়ম পরিলক্ষিত হওয়ায় শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে প্রায় ১১ লক্ষ টাকা ফেরত দেয়া হয়েছে।

এবছর শতভাগ কাজ ও শ্রমিকের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। কোন কারনে যারা কাজে যোগদান করতে পারছেন না তাদের হাজিরা তোলা হচ্ছেনা।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, ‘আমি নিজে বিভিন্ন সময়ে অতিদরিদ্রদের জন্য কর্মসূচি পরিদর্শন করেছি এবং চলমান কাজে সচ্ছতা আছে। বর্তমানে শ্রমিকের উপস্থিতে তিনি সন্তোষ প্রকাশ করেন। এ ভাবে কাজ চলমান থাকলে প্রকল্প শতভাগ পুরন করা সম্ভব হবে বলেও তিনি আশা ব্যাক্ত করেন।

মেপ্র/ আর পি

ঝিনাইদহের মহেশপুরে পুলিশের হাতে ফেন্সিডিলসহ ব্যবসায়ী আটক

ঝিনাইদহের মহেশপুর থানা পুলিশ মঙ্গলবার রাতে অভিযান চালিয়ে ১০৭ বোতল ফেন্সিডিলসহ ব্যবসায়ী সজিব আহাম্মেদকে (২২) আটক করেছে।

আটককৃত সজিব আহাম্মেদ মহেশপুর উপজেলার পদ্মপুকুর স্কুল পাড়ার আবু বক্করের ছেলে।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ মোর্শেদ হোসেন খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার রাতে মহেশপুর থানার এসআই আলাল হোসেন ও এএসআই সালাহউদ্দীন আহম্মেদ ঘুগরী-উজ্জ্বলপুর রাস্তার ওপর থেকে একটি মটর সাইকেলসহ ১০৭ বোতল ফেন্সিডিল আটক করা হয়।

এসময় মালের মালিক সজিব আহম্মেদকে আটক করা হয়েছে। এঘটনায় মহেশপুর থানায় মামলা হয়েছে।

মেপ্র/এমইএম

মেহেরপুরে মোস্তফা মহুরির কাছে থেকে মুচলেকা নিলেন এসি ল্যান্ড

মেহেরপুরে জমির নাম খারিজ করার নাম করে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগে গোলাম মোস্তফা নামের এক মুহুরিকে শোকজ করেছে ভূমি কমিশনার মাইনউদ্দিন। পরবর্তিতে ভূমি অফিসে সালিশ বৈঠকে মোস্তফা মহুরি মুচলেকা দিয়ে মুক্তি পেয়েছেন।

বুধবার দুপুরে মেহেরপুর ভূমি অফিসে এ বিষয়ে শুনানী অনুষ্ঠিত হয়।

নাম খারিজের ভুক্তভোগী শাহাবুদ্দিন বলেন, নাম খারিজের নাম করে কয়েক দফায় মোস্তফা মহুরি আমার কাছে থেকে ৩ হাজার ৫শ টাকা নিয়েছেন। কিন্তু সরকারি ফিস হচ্ছে ১১শ ৫০ টাকা।

এছাড়াও বাবা ও এক মেয়ে জানান, তাদের কাছে থেকেও জমির নাম খারিজ করার নামে ৩ হাজার টাকা নিয়েছেন মোস্তফা। পরে আমাদের ৫’শ টাকা ফেরত দিবে বলে জানান। কিন্তু পরে আর আমার টাকা ফেরত নেওয়া হয়নি।

এ বিষয়ে সহকারি কমিশনার (ভূমি) মাঈন উদ্দিন বলেন, ভূমি অফিসের নাম করে কিছু অসাধু মানুষ বিভিন্ন ভাবে সাধারণ জনগনের সাথে অতিরিক্ত অর্থ আদায় করছে। এমন অভিযোগের ভিত্তিতে মোস্তফা নামের এক মুহুরিকে তলব করা হয়। সে অতিরিক্তি অর্থ আদায় করেছে বলে স্বিকার করে। পরে তাকে মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়।

তিনি আরও বলেন, মেহেরপুর ভূমি অফিসের শুধু মাত্র সরকারি ফিস দিতে হয়। এখানে অতিরিক্ত কোন অর্থ লাগেনা। আমরা জনগনকে সঠিক সেবা দিতে বদ্ধ পরিকর। ভূমি অফিসের নামে যদি কেউ অতিরিক্ত অর্থ আদায় করে তাহলে তার বিরুদ্ধে কঠিন ব্যবস্থা নেওয়া হবে।

এসময় সাধারণ জনগনের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা যারা ভূমি সেবা নিতে চান তারা সরাসরি আমাদের অফিসে যোগাযোগ করবেন। কোন রকম দালাল এর হাতে জমি সংক্রান্ত কোন বিষয়ে সহযোগীতা চাইবেন না।

মেপ্র/এমইএম

মেহেরপুর জেলা কারাগারে বন্দিদের খাওয়ানো হলো শীতের ভাপা পিঠা

মেহেরপুর জেলা কারাগারে কয়েদিদের মাঝে বাঙ্গালীর শীতকালীন ভাপা পিঠা পরিবেশন করা হয়েছে।

বুধবার সকালে মেহেরপুর জেলা কারাগারের কারা কর্তৃপক্ষ এএসএম

কামরুল হুদা বন্দিদের মাঝে ঐতিহ্যবাহী পিঠা পরিবেশন করেন।

কারা কর্তৃপক্ষ (জেল সুপার) এএসএম কামরুল হুদা জানায়, বুধবার সকালে ২৩১ জন পুরুষ ও ৬ জন নারী বন্দিকে পিঠা খাওয়ানো হয়।

কারাগারের মধ্যে শীতের পিঠা খেয়ে অনেক খুশি বন্দিরা। পিঠা বিতরণের সময় কারা অভ্যন্তরের সকল কারা রক্ষীসহ কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

মে প্র/আর পি

আইজিপি পদক পেলেন অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম

বীরত্বপূর্ণ ও অসীম সাহসিকতা ও কাজের স্বীকৃতি হিসেবে আইজিপি পদকে ভূষিত হলেন সিপিসি ২ ঝিনাইদহ র্যাব -৬ এর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম।

মঙ্গলবার সকালে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সের প্যারেড গ্রাউন্ডে অতিরিক্ত পুলিশ সুপার জনাব মাসুদ আলম কে এলাকার মাদক দ্রব্য, জঙ্গিবাদ নির্মূল ও আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নত করার জন্য মহা পুলিশ পরিদর্শকের পক্ষ থেকে তাকে এ পুরস্কার দেয়া হয়।

মেডেল পরিয়ে দেন বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বিপিএম (বার)।

গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য তিনি এ সন্মাননা পায়েছেন।

মেপ্র/এমইএম

মেহেরপুরের শুভরাজপুর ঈদগাহে ময়লা না ফেলার নির্দেশ দিলেন এসি ল্যান্ড

মেহেরপুর সদর উপজেলার শুভরাজপুর গ্রামের ঈদগাহের জমি দখল করে সেখানে পোল্ট্রি খামারের অবশিষ্টাংশ ফেলে আসছিল গ্রামের তোফাজ্জেল হোসেন তুফান নামের এক ব্যাক্তি।

এনিয়ে গ্রামবাসীরা বারবার বলার পরেও তাতে কোন ভ্রক্ষেপ করেননি তিনি। পরে জেলা প্রশাসকের কাছে অভিযোগ জানালে সহকারি কমিশনার (ভূমি) মাঈন উদ্দীন সেখানে গিয়ে ১৫ দিনের মধ্যে সরিয়ে ফেলার নির্দেশ দেন।

বুধবার বিকালে সহকারি কমিশনার মাঈনদ্দীন ঘটনাস্থলে যান এবং পোল্ট্রি খামার সরিয়ে ফেলার নির্দেশ দেন। এসময় খামার মালিক তুফান ১৫ দিন সময় আবেদন করেন। সহকারি কমিশনার তাকে ১৫দিন সময় দেন এবং ওই সময়ের মধ্যে না সরালে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার হুশিয়ারি দেন।
অভিযুক্ত তোফাজ্জেল হোসেন গ্রামের মৃত মোশাররফ বিশ্বাসের ছেলে এবং সাবেক ইউপি সদস্য মজনু বিশ্বাসের ভাই।

স্থানীয়রা জানান, তুফান তার নিজের জমিতে পোল্ট্রি মুরগির খামার করেছেন। খামারের সকল ময়লা ও বর্জ্য দিয়ে দিচ্ছে ঈদগাহের জমিতে। ফলে ঈদগাহ এলাকায় ব্যাপক দুর্গন্ধ ছড়াচ্ছে। এতে পরিবেশ যেমন নষ্ট হচ্ছে।

শুভরাজপুর গ্রামের ঈদগাহ কমিটির সভাপতি ইমতিয়াজ হোসেন মিরন ও সম্পাদক বতর্মান ইউপি সদস্য আশরাফুল হক বলেন, তারা এই বিষয়ে প্রতিবাদ করেছিল । তুফান বলেছিল আমি সরিয়ে নেব। পরবর্তিতে সে না সরিয়ে আজও ব্যবহার করে যাচ্ছে।

এ বিষয়ে সাবেক ইউপি সদস্য মজনু বিশ্বাস বলেন, আমি এই বিষয়ে কিছুই জানি না। এসময় ঈদগাহর অর্ধেক জমি খাস বলে দাবি করেন মজনু

বিশ্বাস। সেই সূত্রে তারা ব্যবহার করে আনছে বলে জানাই।

মেপ্র/এমইএম

ঝিনাইদহের শৈলকুপায় বাস চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার গাড়াগঞ্জ এলাকায় বাস চাপায় সোহাগ হোসেন (১৭) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়েকর গাড়াগঞ্জ ব্রীজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সোহাগ হোসেন ওই উপজেলার রানী নগর গ্রামের ইসাহাক মন্ডলের ছেলে। সে শৈলকুপার মিয়া জিন্নাহ আলম ডিগ্রি কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্র ছিলো।

শৈলকুপা থানার ওসি বজলুর রহমান জানান, সকালে মোটর সাইকেল যোগে গাড়াগঞ্জ থেকে বাড়ী ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে পিছন দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাস তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলে সোহাগ’র মৃত্যু হয়। পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

মেপ্র/এমইএম